



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ২য় রিলিজ স্লিপ মেধাতালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ২১.০৯.২০২৩

চট্টগ্রাম কলেজ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়ভিত্তিক ২য় রিলিজ স্লিপ মেধা তালিকায় মনোনীত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদেরকে আগামী ২৪.০৯.২০২৩ খ্রি. হতে ২৭.০৯.২০২৩ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম কলেজ ওয়েব সাইট হতে আবেদন ফরম সংগ্রহ করে মোবাইল ব্যাংকিং (বিকাশ/নগদ/উপায়/রকেট) অ্যাপস এর মাধ্যমে টাকা জমা দিয়ে নিম্নে উল্লেখিত সকল কাগজ পত্র জমা দিয়ে স্ব-স্ব বিভাগে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা :

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ২য় রিলিজ স্লিপ মেধা তালিকায় মনোনীত বিষয়ে প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট থেকে আবেদন ফরম পূরণ করে A4 সাইজের অফসেট 80gm সাদা কাগজে ভর্তির আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে
- ২। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসাবে <http://ctgcollege.eshiksabd.com> লিংকে গিয়ে ইউজার আইডি ctgstudent এবং পাস ওয়ার্ড ctgstudent দিয়ে লগইন করে চট্টগ্রাম কলেজ অনলাইন ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। (অনলাইন ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত নির্দেশনার জন্য সংযুক্তি - ০১ দেখুন)
- ৩। ভর্তি ফরমে উল্লেখিত ভর্তি ফি বিকাশ/নগদ/উপায়/রকেট অ্যাপস এর মাধ্যমে (বিকাশ/নগদ/উপায়/রকেট এজেন্ট নম্বর: ০১৮১৪৬৬২৮২৯) ২৪.০৯.২০২৩খ্রি. হতে ২৭.০৯.২০২৩ খ্রি. মধ্যে জমা করতে হবে। (বিকাশ/নগদ/উপায়/রকেট মাধ্যমে ভর্তি ফি জমাদান সংক্রান্ত নির্দেশনার জন্য সংযুক্তি দেখুন)
- ৪। ভর্তি ফি অ্যাপস মাধ্যমে পরিশোধ সফল হলে প্রাপ্ত ডিজিটাল রিসিটের ০৩ (তিন) কপি প্রিন্ট করতে হবে।
৫. উভয় ভর্তি আবেদন ফরমের সাথে বিকাশ/নগদ/উপায়/রকেট অ্যাপসের মাধ্যমে টাকা পরিশোধের রসিদ, প্রাথমিক আবেদন ফরমের কপি (যা শিক্ষার্থীদের নিকট সংরক্ষিত আছে), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরফর্দ, প্রশংসাপত্র প্রত্যেকটি ০২ সেট সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে ০২ কপি সত্যায়িত ছবি সহ বিভাগে জমা দিতে হবে।
৬. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরফর্দ, ঠিকানা সম্বলিত একটি ১০ x ১৪ সাইজের বড় খামে করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
৭. বিষয় ভিত্তিক ভর্তির ফিস:
 - (ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান = ৪৭৩৫.০০
 - (খ) উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান = ৫৪৫৫.০০ (গ) পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, পরিসংখ্যান, ভূগোল ও পরিবেশ = ৫৫০৫.০০
 - (ঘ) প্রাণিবিজ্ঞান = ৫৪০৫.০০ (ঙ) গণিত = ৫৫৫৫.০০
 - (গ) অমুসলিম শিক্ষার্থীদের ৫০.০০ টাকা কম হবে।

স্বা:-

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

স্মারক নং: চক/এড/২০২৩/..... তারিখ: ২১/০৯/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হল :

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুসরণ পূর্বক তাঁর বিভাগের বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে প্রচার এবং ২য় রিলিজ স্লিপ মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন পূর্বক প্রিন্ট আউটের কপি আগামী ০২.১০.২০২৩খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্য স্ব-স্ব ভর্তি কমিটিকে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল। ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রি এবং তথ্য প্রদানের কোনরূপ ভুলত্রুটি হলে তার জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে।
৩. অফিস নথি।

প্রতিস্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নং-০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

(আ ক ম ওসমান উদ্দিন হায়দার)

সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান

ও

আহ্বায়ক

অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি-২০২২-২০২৩

মানবিক

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(সুভাষ চন্দ্র দাশ)

সহযোগী অধ্যাপক, রসায়ন

ও

আহ্বায়ক

অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি-২০২২-২০২৩

বিজ্ঞান

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম